

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কমান্ড্যান্টের কার্যালয়  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
শরীয়তপুর।

স্মারক নং-৪৪.০৩.৩০৮৬.০০২.০০.০০০.২৩-৯৮১

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ জুলাই ২০২৩ খ্রিঃ

“অফিস আদেশ”

জেলা কমান্ড্যান্টের কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, শরীয়তপুর এর নিয়ন্ত্রণাধীন গোসাইরহাট উপজেলার পৌরসভার মেয়র সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিল পদে ০৯ (নয়) টি ওয়ার্ডের নির্বাচন আগামী ১৭/০৭/২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য হবে। উক্ত উপজেলার পৌরসভায় উল্লেখিত নির্বাচনে ভোটকেন্দ্রের সার্বিক নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার্থে মোতায়েনের নিমিত্তে উপজেলার প্রশিক্ষিত ও তালিকাভুক্ত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের মধ্য হতে যোগ্য, দক্ষ ও উপযুক্ত সদস্য-সদস্য নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তা/ কর্মচারীদের সমন্বয়ে একটি যাচাই-বাছাই কমিটি গঠন করা হলো। কমিটি নির্ধারিত স্থান ও তারিখ অনুযায়ী প্রত্যেক সদস্য/সদস্যাদের কাগজপত্র বাছাইকরণ, স্মার্ট, দক্ষ, উপযুক্ত ও যোগ্যতাসম্পন্ন সদস্য-সদস্য যাচাই-বাছাই পূর্বক একটি সঠিক ও নির্ভুল তালিকা প্রস্তুত করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করবেন। পরবর্তীতে উক্ত তালিকা থেকে উপযুক্ত সদস্য-সদস্যাদের ভোটকেন্দ্রের সার্বিক নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি বাহিনীর সদস্য-সদস্য হিসেবে সরকারী দায়িত্ব পালন করার নিমিত্তে সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে মোতায়েন করা হবে। যাচাই-বাছাইয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কমিটি দায়ী থাকবেন। কমিটি বাছাই কার্যক্রমের সময় অবশ্যই করোনো ভাইরাস (কোভিড-১৯) এর আচারণ বিধির বিষয়টি যথাযথ অনুসরণ করতে হবে।

“ছক”

ক্র:নং	নাম, পদবী ও কর্মস্থল	কমিটির পদ	বাছাইয়ের স্থান	তারিখ, বার ও সময়	মন্তব্য
০১.	জনাব আঃ মান্নান মিয়া সার্কেল অ্যাডজুট্যান্ট জেলা কমান্ড্যান্টের কার্যালয় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী শরীয়তপুর।	সভাপতি	উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর।	১০/০৭/২০২৩ খ্রিঃ সোমবার ১০০০ ঘটিকা	নির্বাচনে দায়িত্ব পালনে ইচ্ছুক সকল সদস্য/ সদস্যাকে আনসার-ভিডিপি প্রশিক্ষণ সনদ ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি সংগে আনতে হবে।
০২.	জনাব মোঃ নাজমুল, উপজেলা প্রশিক্ষক উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় গোসাইরহাট, শরীয়তপুর।	সদস্য			বয়সঃ ১৮ হতে ৫০ বছর এর মধ্যে হইতে হবে।
০৩.	জনাব উত্তম বৈদ্য, উপজেলা প্রশিক্ষক উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ডামুড্যা, শরীয়তপুর।	সদস্য			

মোঃ মইনুল ইসলাম, পিএম  
বিএডিঃ ১২০১৩০  
জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
শরীয়তপুর।

মোবাইলঃ ০১৭৩০০৩৮০৭৩  
dcansarvdpshariatpur@gmail.com

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ জুলাই ২০২৩ খ্রিঃ

স্মারক নং-৪৪.০৩.৩০৮৬.০০২.০০.০০০.২৩-৯৮১

অনুলিপি:

- অপারেশন শাখা  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- উপ-মহাপরিচালক  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
গোসাইরহাট/ডামুড্যা, শরীয়তপুর।
- উপজেলা প্রশিক্ষক, গোসাইরহাট/ডামুড্যা, শরীয়তপুর।
- অফিস কপি।

সদয় অবগতির জন্য।

অবগতি ও কার্যক্রমের জন্য।

জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
শরীয়তপুর।